অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/31/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো আজ সম্ভাব্য বিপজ্জনক তুষার ঝড়ের জন্য আগাম রাষ্ট্রীয় সম্পদ মোতায়েন করলেন

প্রধান সড়কগুলিতে গতি সীমা কম করার জন্য পরিবহণ দপ্তর (Department Of Transportation, DOT) এবং থ্রুওয়ে অথোরিটিকে (Thruway Authority) নির্দেশ দিলেন এবং প্রতিক্রিয়ায় সহায়তা করার জন্য অতিরিক্ত রাষ্ট্রীয় ট্রুপার মোতায়েন করলেন

তুষার ঝড় এবং ঝোড়ো বাতাস গাড়ী চলাচল কঠিন করতে পারে, লেক এফেক্ট তুষার এক ফুটেরও বেশি বরফ আনতে পারে পশ্চিম এবং উত্তর নিউ ইয়র্কে

অপ্রয়োজনীয় যাতায়াত এড়াতে, আবহাওয়া পর্যবেক্ষণ করতে এবং সমস্ত জরুরী আদেশ পালন করার অনুরোধ করা হয় নিউ ইয়র্কবাসীদের

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ রাজ্যের শীতকালীন ঝড়ের প্রতিক্রিয়া সংস্থাগুলোকে সম্ভাব্য বিপজ্জনক গাড়ী চলাচলের অবস্থার জন্য প্রস্তুতির জন্য সংস্থানসমূহ অগ্রিম মোতায়েন করার নির্দেশ দিয়েছেন এবং নিউ ইয়র্কবাসীদের অনুরোধ করেছেন নতুন বছরের প্রাক্কালে দুর্যোগপূর্ণ আবহাওয়ার জন্য তৈরি থাকতে, কেন না রাজ্যের বেশ কিছু জায়গায় তুষার ঝড় এবং ঝোড়ো বাতাসের আঘাত হানবে। মঙ্গলবার বিকেল থেকে শুরু হয়ে, তুষার ঝড়ের একটি সিস্টেম রাজ্য জুড়ে পূর্ব দিকে অগ্রসর হওয়ার এবং পিচ্ছিল রাস্তার অবস্থা তৈরি করার এবং প্রায় হোয়াইট-আউট অবস্থা তৈরি করার পূর্বাভাস রয়েছে। গভর্নর রাজ্য পরিবহণ দপ্তর এবং থ্রুওয়ে কর্তৃপক্ষকে নির্দেশ দিচ্ছেন, আজ বিকেলের দিকে গতি সীমা কম করে কঠিন গাড়ী চলাচল অবস্থার সময় সড়কপথ নিরাপদ রাখতে সাহায্য করতে। নিউ ইয়র্কবাসীদের সাবধানতা অবলম্বন করতে বলা হচ্ছে এবং আবহাওয়ার পূর্বাভাসের আপডেটের দিকে নজর রাখতে বলা হচ্ছে, সব স্থানীয় সতর্কতা নির্দেশগুলো মেনে এবং দায়িত্বের সাথে নতুন বছরের প্রাক্কালে উদযাপনের অনুরোধ করা হচ্ছে।

"এই তুষার ঝড় দ্রুত এবং ক্ষিপ্ত আঘাত করবে এবং আমি জনগণকে এ দিন বিকেল ও সন্ধ্যায় অপ্রয়োজনীয় সফর এড়িয়ে চলতে অনুরোধ করছি," **গভর্নর কুওমো বলেন।** "যদি আপনি গাড়ী চালানোর সময় হোয়াইট-আউট অবস্থায় পড়েন, দয়া করে গাড়ী থামিয়ে অপেক্ষা করুন অবস্থা কেটে যাওয়া অবধি। আমাদের রাষ্ট্রীয় রেসপন্স টিম ঝড়ের আগাম কাজ করবে রাস্তা পরিষ্কার করার জন্য এবং সম্ভাব্য কোনো সঙ্কটের জবাব দিতে।"

ন্যাশনাল ওয়েদার সার্ভিসের (National Weather Service) তথ্য অনুযায়ী, মঙ্গলবার বিকেলে আনুমানিক 3-টে থেকে দক্ষিণ ফিঙ্গার লেকস এবং পশ্চিম সাউদার্ন টিয়ার অঞ্চলগুলোতে তুষার ঝড় শুরু হবে বলে পূর্বাভাস করা হয়েছে। এই সিস্টেমটি পূর্ব দিকে অগ্রসর হবে সাউদার্ন টিয়ার, কেন্দ্রীয় নিউ ইয়র্ক, এবং মোহাক ভ্যালি অঞ্চল জুড়ে এবং পশ্চিম মধ্য-হাডসন অঞ্চলে গিয়ে শেষ হবে রাত 10-টার মধ্যে।

তাপমাত্রা মধ্য 30 থেকে উচ্চ 40 এর মধ্যে থাকবে, সাথে উচ্চ 35 মাইল প্রতি ঘন্টা হিসাবে দমকা হাওয়া চলবে মধ্য নিউ ইয়র্ক এবং ফিঙ্গার লেকস অঞ্চলে, এবং পশ্চিম নিউ ইয়র্ক অঞ্চলে 40 মাইল প্রতি ঘন্টার মত বেশি থাকবে। নতুন তুষারপাত আহরণ সাধারণত এক ইঞ্চির কম হবে, দক্ষিণ পশ্চিম নিউ ইয়র্ক অঞ্চল ছাড়া যেখানে বেশ কয়েক ইঞ্চি হওয়ার পূর্বাভাস রয়েছে এবং পশ্চিম নর্থ কান্ট্রি অঞ্চলে যেখানে লেক প্রভাব ব্যবস্থার কারণে 10 -18 ইঞ্চি তুষারপাত সম্ভব।

গভর্নরের নির্দেশনায় পরিবহন অধিদপ্তর ও থ্রুওয়ে অথোরিটি গতি সীমা 45 মাইল প্রতি ঘন্টা পর্যন্ত কমিয়ে দিচ্ছে আই-90, আই-86, আই-81, আই-84, আই-88 ও রুট (Rt) 17, এবং অতিরিক্ত নিউইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) মোতায়েন করা হবে ঝড়ের প্রতিক্রিয়ায় সহায়তা করার জন্য।

সম্পূর্ণ আবহাওয়া পর্যবেক্ষণ, সতর্কীকরণ, উপদেশ এবং সর্বশেষ পূর্বাভাসের খবরাখবর জানতে, ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service)-এর ওয়েবসাইট পরিদর্শন করুন।

<u>এজেন্সির প্রস্তুতি</u>

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন

পরিবহণ দপ্তর একাধিক অঞ্চলে পরিস্থিতি মোকাবেলায় সক্রিয় রয়েছে এবং স্টেট জুড়ে 3,716 জন সুপারভাইজর ও অপারেটর রয়েছে। প্রভাবিত এলাকায় পরিবর্তনশীল বার্তা সংকেত সম্ভাব্য তুষার ঝড়ের সম্পর্কে মোটর চালকদের সতর্ক করবে। গুরুত্বপূর্ণ যাতায়াত করিডরে যথাযথ ভাবে গতি সীমা হ্রাসকরণ বাস্তবায়িত হবে।

স্টেটব্যাপী সরঞ্জামের সংখ্যাগুলো নিম্নরূপ:

- 1586টি বৃহৎ প্লাও ট্রাক
- 180টি মাঝারি শক্তিমত্তার প্লাও
- 52টি টো প্লাউ
- 327টি বড় লোডার
- 40টি তুষার ব্লোয়ার্স
- 74টি চিপার
- 36টি ট্রাফিক সিগন্যাল ট্রাক
- 15টি ট্রি ক্রু বাকেট ট্রাক

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)
থ্রুওয়ে অথোরিটির 693 জন সুপারভাইজার ও অপারেটর আছেন যারা সমগ্র স্টেট জুড়ে 245টি বড় স্নো প্লাও, 111টি মাঝারি স্নো প্লাও, 11টি টো প্লাও এবং 62টি লোডার কাজে নিয়োজিত করতে এবং 118,000 টনেরও বেশি রাস্তার লবণ প্রয়োগ করতে প্রস্তুত রয়েছেন। থ্রুওয়েতে শীতের আবহাওয়া অবস্থার ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে বৈচিত্র্যময় বার্তা চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

এছাড়াও থ্রুওয়ে অথোরিটি মোটর চালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে যা iPhone ও Android ডিভাইসের জন্য বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরযান চালকদের প্রকৃত-সময়ে ট্রাফিক এবং দিক-নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটর চালকরা সাইন আপ করতে পারেন ট্রান্সঅ্যালার্ট ই-মেইলের জন্য যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতির তথ্য প্রদান করবে এখানে।

প্রদেশ পুলিশ বিভাগ (Division of State Police)
নিউ ইয়র্ক রাজ্য পুলিশ পাহারা দেওয়া এবং প্রতিক্রিয়ার জন্য অতিরিক্ত ট্রুপারদের ডেকেছে এবং সমস্ত ট্রুপারদের সজাগ থাকতে এবং যে কোনও সমস্যার জন্য পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করার নির্দেশ দিয়েছে। স্টেটের পুলিশ ক্ষতিগ্রস্ত এলাকায় প্রয়োজনমতো অতিরিক্ত কর্মী মোতায়েন করতে প্রস্তুত থাকবে। সকল ফোর-হুইল ড্রাইভ গাড়ি কাজ করছে এবং স্নোমোবাইল ও ইউটিলিটি গাড়িগুলো প্রস্তুত আছে ও মাঠে জন্য তৈরি আছে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC)
DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ব্যবস্থাপনা কর্মী এবং অঞ্চলের কর্মীরা সতর্ক আছেন এবং পরিস্থিতির পর্যবেক্ষণ করছেন এবং গুরুতর আবহাওয়ায় আক্রান্ত হতে পারে এমন এলাকা ও অবকাঠামোগুলোকে সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। সকল বিদ্যমান সম্পদ, প্রত্যয়িত করাতী এবং স্লেজ দল, পোল করাত, জেনারেটর এবং লাইট স্ট্যান্ড সহ যে কোন জরুরী প্রতিক্রিয়ায় সহায়তা করার জন্য অবস্থিত রয়েছে। ডিপার্টমেন্ট অফ কঞ্জার্ভেশন (Department of Environmental Conservation, DEC) ঝড়-প্রভাবিত এলাকায় ক্যাম্পগ্রাউন্ড এবং রাজ্যের জমির মূল্যায়ন করছে এবং কর্মীরা প্রয়োজন মতো ঝড়ে পড়ে যাওয়া গাছ সরিয়ে ফেলছে।

পার্ক, মনোরঞ্জন এবং ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation), নিউ ইয়র্ক রাজ্যের পার্ক পুলিশ (New York State Park Police) ও পার্কের কর্মীরা সতর্ক আছেন এবং আবহাওয়া পরিস্থিতি ও প্রভাব নিকটভাবে পর্যবেক্ষণ করছেন। প্রতিক্রিয়া সরঞ্জাম প্রসার করা হচ্ছে, পরীক্ষিত এবং ঝড় প্রতিক্রিয়া ব্যবহারের জন্য প্রস্তুত করা হচ্ছে। পার্ক খোলা থাকার সময়, খোলার সময় এবং বন্ধ হওয়ার সময় ইত্যাদি সম্পর্কে সর্বশেষ তথ্য জানতে পার্ক ভ্রমণকারীদের উচিত https://parks.ny.gov দেখা বা তাদের স্থানীয় পার্কের অফিসে যোগাযোগ করা।

নিরাপত্তা পরামর্শ

শীতকালীন ঝড়ের সময়ে সবচেয়ে বেশি মৃত্যু ও আঘাতের কারণ হল পরিবহন দুর্ঘটনা। গাড়ি চালানো শুরু করার আগে, আপনার গাড়ি যাতে বরফ ও তুষারমুক্ত থাকে তা নিশ্চিত করুন; ভালো দৃষ্টিশক্তি ভালো গাড়ি চালানোর চাবিকাঠি। কোথায় কোথায় থামবেন তার পরিকল্পনা করে নিন এবং দুই গাড়ির মধ্যে দূরত্ব বজায় রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে বাতাসে থাকা তুষারের কারণে ছোট শিশুদের দেখা নাও যেতে পারে। সবসময় রাস্তা ও আবহাওয়ার পরিস্থিতির সাথে মিলিয়ে আপনার গতি ঠিক করুন।

সকল সড়কের মোটরচালকদের জন্য এটি জানা গুরুত্বপূর্ণ যে স্নো প্লাও ঘন্টায় 35 মাইল পর্যন্ত গতিবেগে চলে, যা অনেক ক্ষেত্রেই লিখিত গতি সীমার থেকে কম, সুনিশ্চিত করতে যে ছড়িয়ে লবণ ড্রাইভিং লেনে থাকে ও রাস্তায় ছড়িয়ে না পড়ে। বারংবার ইন্টারস্টেট হাইওয়েতে, তুষার-অপসারণ-যন্ত্র পাশাপাশি কাজ করে, যেহেতু অনেকগুলো লেন একসাথে পরিচ্ছন্ন করার এটা সবচেয়ে কার্যকর ও নিরাপদ উপায়।

এছাড়াও গাড়িচালক ও পথচারীদের এটা মাথায় রাখা উচিৎ যে তুষার-অপসারণ-যন্ত্র ড্রাইভারদের দৃষ্টিসীমা সীমিত থাকে, এবং যন্ত্রগুলোর আকার ও ওজন বেশি হওয়ায় এগুলো দ্রুত গতিপথ পরিবর্তন ও থামানো কষ্টসাধ্য। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়িচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল তুষার-অপসারণ-যন্ত্রের বেশ খানিকটা পেছনে থেকে চালানো কারণ সেখানে রাস্তা পরিষ্কার ও লবণাক্ত থাকে।

নিরাপদ ড্রাইভিং এর কিছু সবচেয়ে গুরুত্বপূর্ণ পরামর্শগুলির অন্তর্ভুক্ত হল:

- যখন শীতকালীন ঝড় আঘাত হানে, তখন প্রয়োজন না হলে ড্রাইভ করবেন না।
- সেতুগুলোয় সাবধানতা অবলম্বন করুন যেহেতু বরফ সেখানে রাস্তার চেয়ে দ্রুত জমাট বাঁধে।
- ভেজা পাতা রাস্তাকে পিচ্ছিল করতে পারে, তাই যখনই সামনে তাদের একটা স্তূপ আসবে, তখন আরো ধীর গতিতে গাড়ি চালানোটা গুরুত্বপূর্ণ।
- আপনার ভ্রমণ আবশ্যিক হলে নিশ্চিত করুন যে আপনার গাড়িতে কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও অতিরিক্ত ব্যাটারি, অতিরিক্ত গরম কাপড়, এক জোড়া টায়ার চেন, ব্যাটারি বুস্টার তার, সহজে শক্তি প্রদানকারী খাবার এবং ডিসট্রেস ফ্ল্যাগ হিসেবে ব্যবহার করতে উজ্জ্বল রঙের কাপড়-জাতীয় সরঞ্জামাদি রয়েছে।
- পেট্রল ফ্রিজ-আপ আটকাতে আপনার গ্যাসের ট্যাঙ্ক ভর্তি রাখুন।
- আপনার ব্যবহার উপযোগী সেল ফোন বা অন্যান্য যোগাযোগের যন্ত্র যেমন টু-ওয়ে রেডিও থাকলে, সেগুলোর ব্যাটারি চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণ করার সময় এটি আপনার সাথেই রাখুন। আপনি যদি কোথাও আটকা পড়েন, আপনি সাহায্যের জন্য ফোন করতে পারবেন, উদ্ধারকারীকে আপনার অবস্থান সম্পর্কে জানাতে পারবেন।

- নিশ্চিত করুন যে আপনার যাতায়াতের পরিকল্পনা অন্য কেউ জানে।
- গাড়ি চালানোর সময় যানবাহনকে বরফ এবং তুষার মুক্ত রাখুন।
- কোথায় কোথায় থামবেন তার পরিকল্পনা করে নিন এবং দুই গাড়ির মধ্যে দূরত্ব বজায় রাখুন। সবসময় রাস্তা ও আবহাওয়ার পরিস্থিতির সাথে মিলিয়ে আপনার গতি ঠিক করুন।

সব রাস্তার মোটরচালকদের জন্য এটা গুরুত্বপূর্ণ যে স্নোপ্লাও ঘন্টায় 35 মাইল পর্যন্ত গতিবেগে চলে, যা অনেক ক্ষেত্রেই লিখিত গতি সীমার থেকে কম, এটা সুনিশ্চিত করতে যে ছড়ানো লবণ ড্রাইভিং লেনে থাকে ও রাস্তায় ছড়িয়ে না পড়ে। বারংবার ইন্টারস্টেট হাইওয়েতে, তুষার-অপসারণ-যন্ত্র পাশাপাশি কাজ করে, যেহেতু অনেকগুলো লেন একসাথে পরিচ্ছন্ন করার এটা সবচেয়ে কার্যকর ও নিরাপদ উপায়।

এছাড়াও গাড়িচালক ও পথচারীদের এটা মাথায় রাখা উচিৎ যে তুষার-অপসারণ-যন্ত্র ড্রাইভারদের দৃষ্টিসীমা সীমিত থাকে, এবং যন্ত্রগুলোর আকার ও ওজন বেশি হওয়ায় এগুলো দ্রুত গতিপথ পরিবর্তন ও থামানো কষ্টসাধ্য। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়িচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল তুষার-অপসারণ-যন্ত্রের বেশ খানিকটা পেছনে থেকে চালানো কারণ সেখানে রাস্তা পরিষ্কার ও লবণাক্ত থাকে।

শীতকালীন আবহাওয়ায় নিরাপত্তা সংক্রান্ত আরো তথ্যের জন্য, অনুগ্রহপূর্বক হোমল্যান্ড সুরক্ষা এবং জরুরী পরিষেবা বিভাগের ওয়েবসাইট http://www.dhses.ny.gov/oem/safety-info পরিদর্শন করুন।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন